



বাগেরহাট : উত্তর খানপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা শিক্ষক না থাকার ব্যাপারে এতাবেই বসে থাকে কিংবা মাঠে বেলা করে - ইনকিলাব

বাগেরহাটে শিক্ষকবিহীন প্রাথমিক বিদ্যালয়

বাগেরহাট জেলা সর্বোদ্যোগ

প্রথম শ্রেণীর ছাত্র টিফি শেষ, মেহেদী হুসান ও মোস্তাফিজ, দ্বিতীয় শ্রেণীর ছাত্রী রেজিনা খাতুন ও রোমানা আক্তার নিলে কুল নাঠে গোচাচুট বেলাছে। পাশে দাঁড়িয়ে বেলা দেখছে আরও প্রায় অর্ধশতাধিক ছাত্রছাত্রী। এটিই যেন তাদের নিত্যদিনের কাহ্ন হয়ে দাঁড়িয়েছে। কুল বন্ধ থাকার তাদের ক্লাস হয় না। তারা প্রতিদিন কুলে আসে খেলাধুলা করে আবার বাড়ী ফিরে যায়। এতাবেই চলছে বাগেরহাট সদরের উত্তর খানপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়। সবেকালিন গিরে কুলের শিশু ছাত্রছাত্রীদের কাছ থেকে একথা জানা গেছে। কুলের একমাত্র শিক্ষিকা ট্রেনিংয়ে বাগেরহাটে থাকার গত কয়েকদিন ধরে কুলের লেখাপড়ার কার্যক্রম বন্ধ রয়েছে। হেলমেয়েদের লেখাপড়া বন্ধ থাকার অভিভাবকরা চরম উদ্বেগ-উত্তেজনার মধ্যে পড়েছেন। কুল কমিটির সভাপতি শেখ আব্দুল গনিবসহ অনাররা উপজেলা শিক্ষা অফিসে বারবার ত্যাগাদা দিয়ে এবং শিক্ষকের জন্য দৌড়াদৌড়ি করেও কোন সুবাহা করতে পারেননি। এমনকি শিক্ষা অফিসের কোন কর্মকর্তাও এ কুলের বিষয়ে কোন খোঁজ-খবর রাখেন না। কুলের সভাপতি ও ছাত্রছাত্রীদের কাছ থেকে জানা যায়, বাগেরহাট

সদরের উত্তর খানপুর সরকারী প্রাথমিক বিদ্যালয়ে দুই শতাধিক ছাত্রছাত্রী রয়েছে। সুন্দর, মনোরম পরিবেশে শিক্ষার উপযোগী সকল সুযোগ থাকলেও শুধু শিক্ষক না থাকার গত কয়েকদিন ধরে কুল বন্ধ রয়েছে। কুলে প্রধান শিক্ষকসহ মাত্র ৩ জন শিক্ষক ছিলেন। গত নভেম্বরে কুলের প্রধান শিক্ষক গোপাল চন্দ্র পাল অবসর নেন। এরপর কেম্ব্রিয়ারী-০৮ সহকারী শিক্ষক শেখ মুকুল ইসলামেও অবসরে যান। কুলের একমাত্র সহকারী শিক্ষিকা টিউপিগ রানী দাস দায়িত্ব পালন করতে থাকেন। কুলের সভাপতিসহ অনাররা উপজেলা শিক্ষা কর্মকর্তা আনিসুর রহমানের সাথে যোগাযোগ করলেও শিক্ষক সংকটের কোন সমাধান হয়নি। শিক্ষা কর্মকর্তা বলেন, কুলে শিক্ষক না থাকলে কুল বন্ধ থাকুক। এ বিষয়ে বাগেরহাট সদর উপজেলা শিক্ষা কর্মকর্তা আনিসুর রহমান জানান, কুলে একজনও শিক্ষক নেই, তা তিনি জানেন না। তবে সেখানে পার্শ্ববর্তী সারয়েড়া কুল থেকে একজন শিক্ষককে তেপুটেশনে দিয়েছেন বলে উল্লেখ করেন। জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা প্রধানগোবিন্দ নন্দী জানান, শিক্ষক না থাকার বিষয়টি তিনি অবগত নন। তবে বিষয়টি স্বতিয়ে দেখে ব্যবস্থা নেবেন বলে উল্লেখ করেন।